

ভূমি ব্যবহারের ছাড়পত্র/ঋণ গ্রহণের তথ্যপত্র প্রাপ্তির আবেদনের পদ্ধতি :

- ১। অন-লাইনের মাধ্যমে ছাড়পত্রের জন্য আবেদন করতে হবে। (ওয়েব লিংক-
<https://noc.kda.gov.bd/>)
- ২। ওয়েব লিংক এর মাধ্যমে “নতুন আবেদনকারী অ্যাকাউন্ট তৈরি করুন” বাটনে ক্লিক করতে হবে। (এ্যাকাউন্ট তৈরী করা থাকলে সরাসরি আইডি ও পাসওয়ার্ড দিয়ে লগইন করুন)। প্রদর্শিত মেনুতে নাম, মোবাইল নম্বর, পাসওয়ার্ড পূরণ করে ‘নিবন্ধন করুন’ বাটনে ক্লিক করতে হবে।
- ৩। অতঃপর আপনার মোবাইলে প্রেরিত OTP নম্বরটি প্রদর্শিত ঘরে বসিয়ে ‘পাঠান’ বাটনে ক্লিক করলে আপনার অ্যাকাউন্ট খোলা হয়ে যাবে।
- ৪। অতঃপর আপনার মোবাইল নম্বর এবং পাসওয়ার্ড পূরণ করে লগ ইন করতে হবে।
- ৫। লগ ইন সফল হলে বামদিকে ‘আবেদনের তালিকা’ বাটনে ক্লিক করে সেখান থেকে ‘আবেদন করুন’ বাটনে ক্লিক করলে আবেদনপত্র প্রদর্শিত হবে।
- ৬। আবেদনপত্র অনুসারে প্রয়োজনীয় তথ্যসহ আবেদনপত্রটি পূরণ করে ‘খসড়া হিসেবে সংরক্ষণ করুন’ বাটনে ক্লিক করলে আবেদনপত্রটি সংরক্ষণ হবে। অতঃপর ‘পদক্ষেপ’ বাটনে ক্লিক করে প্রিভিউ বাটনে ক্লিক করতে হবে (যদি কোন ভুল থাকে তাহলে ‘সম্পাদনা করুন’ বাটনে ক্লিক করে সংশোধন করুন)। অতঃপর ‘আবেদনপত্র জমা দিন’ বাটনে ক্লিক করতে হবে।
- ৭। প্রদর্শিত Transaction Information এর যে কোন একটি পদ্ধতি অবলম্বনে অর্থ পরিশোধ করলে আপনার আবেদনটি যথাযথভাবে দাখিল হবে।